অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/29/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুউমো একটি বিশ্বমানের বিমানবন্দরে লাগোয়েরডিয়ার (LAGUARDIA, LGA) 8 বিলিয়ন মার্কিন ডলারের রূপান্তরের অংশ হিসেবে ডেল্টার (Delta) প্রথম নতুন কনকোর্স ও প্রবেশপথ উদ্বোধনের ঘোষণা দিলেন

বিমানবন্দরের পূর্ববর্তী দিকের হলে ডেল্টার চারটি অত্যাধুনিক কনকোর্সের প্রথমটি সিটি মার্ঠ এবং ফ্লাশিং বে-র দৃশ্য সহ আগামী সপ্তাহে যাত্রীদের জন্য উন্মুক্ত হবে

গত ডিসেম্বরে টার্মিনাল B-তে প্রথম নতুন কনকোর্স এবং প্রবেশপথ উন্মুক্ত হবার পরে - এটি 25 বছরে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রথম বিমানবন্দর - বিমানবন্দরের সম্পূর্ণ পুনর্গঠনের পথে প্রধান মাইলফলক

নতুন কনকোর্সের বর্ধিত সুযোগ সুবিধার মধ্যে রয়েছে নিউ ইয়র্কের ফেভারিট H&H বেগল (H&H Bagels), বার্চ কফি (Birch Coffee), জুস প্রেস (Juice Press) এবং শেফ মার্ক লাকোনো, জেস শ্যাবোল্ট এবং ক্লেয়ার ডি বোওর-এর কাছ থেকে আসা নতুন প্রকল্প

নতুন বিমানবন্দরের রেন্ডারিং এখানে পাওয়া যাবে

লাগোয়েরডিয়ার এয়ারট্রেইন (AirTrain)-এর জন্য প্রয়োজনীয় তহবিল বন্দর কর্তৃপক্ষ বোর্ডের (Port Authority's Board of Commissioners) কমিশনার আনুষ্ঠানিকভাবে অনুমোদন করেছেন, যা বর্তমানে ফেডারেল পরিবেশগত পর্যালোচনার অধীনে রয়েছে

"সম্পূর্ণ নতুন একটি লাগোয়েরডিয়া"-তে শেষ পর্যন্ত থাকবে 2.7 মিলিয়ন বর্গ ফুট জায়গা, ছয়টি কনকোর্সে 72টি নতুন প্রবেশপথ, দুইটি বিস্তৃত নতুন টার্মিনাল আগমন এবং বহির্গমন হল যা একটি কেন্দ্রীয় হল দ্বারা সংযুক্ত থাকবে, এবং 13.7 মাইল নতুন রাস্তার নেটওয়ার্ক

লাগোয়েরডিয়াকে 8 বিলিয়ন মার্কিন ডলারের 21 শতকের একটি সমন্বিত বিমানবন্দরে রূপান্তরিত করার চলমান প্রক্রিয়ার অংশ হিসেবে গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ ডেল্টা এয়ারলাইনসের নতুন টার্মিনাল C-তে প্রথম নতুন কনকোর্স এবং প্রবেশপথ উদ্বোধনের ঘোষণা দিয়েছেন। এই উদ্বোধনটি লাগোয়েরডিয়া বিমানবন্দরটির সম্পূর্ণ পুনর্নির্মাণের সর্বশেষতম মাইলফলক, যা আধুনিক গ্রাহক সুযোগ-সুবিধা, অত্যাধুনিক স্থাপত্য কলা, অধিক প্রশস্ত প্রবেশপথের স্থান এবং সংযুক্ত টার্মিনাল সিস্টেম সহ একটি বিশ্বমানের যাত্রী অভিজ্ঞতা প্রদান করবে। বিমানবন্দরের সুদূর পূর্ব পাশের সাতটি নতুন প্রবেশপথ - প্রতিদিন বোস্টন, শিকাগো এবং ওয়াশিংটনে 60টি ফ্লাইট পরিচালনা করার

মাধ্যমে – সোমবার, নভেম্বর 4 তারিখ থেকে যাত্রী পরিষেবা শুরু চালু করবে। গভর্নর কুউমো গত ডিসেম্বরে বিমানবন্দরের পশ্চিম অর্ধে টার্মিনাল B-তে উদ্বোধন করা নতুন 18টি প্রবেশপথের কনকোর্সের পর সম্পূর্ণ পুনর্নির্মাণের অংশ হিসাবে এটি দ্বিতীয় নতুন কনকোর্স। অধিকন্তু, গত সপ্তাহে বন্দর কর্তৃপক্ষের বোর্ড অফ ডিরেক্টরস লাগোয়েরডিয়া এয়ারট্রেইন তৈরিতে প্রয়োজনীয় তহবিলের অনুমোদন করেছে।

"টার্মিনাল C-তে হওয়া এই প্রথম নতুন কনকোর্সটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মাইলফলক যা লাগোয়েরডিয়া বিমানবন্দরকে এই স্টেটের যোগ্য একটি বৈশ্বিক প্রবেশপথে রূপান্তর করার দিকে এক ধাপ এগিয়ে নিয়ে গিয়েছে", **গভর্নর কুওমো বলেন।** "আমরা 25 বছরের মধ্যে দেশের প্রথম সম্পূর্ণ নতুন বিমানবন্দর তৈরি করছি এবং জাতি ও বিশ্বকে দেখিয়ে দিচ্ছি যে আপনি উচ্চাভিলাষী হয়েও কাজ সম্পন্ন করতে পারেন। দিন শেষে, নতুন লাগোয়েরডিয়া বিমানবন্দর অত্যাধুনিক টার্মিনাল এবং এখন আমরা যেখানে আছি তেমন কনকোর্স, নতুন রাস্তা ও বর্ধিত ট্র্যাফিক স্রোত এমন প্রবেশপথে বিলম্ব কমাতে 50 ভাগ বেশি টারম্যাক স্থান সহ বিশ্বমানের যাত্রী অভিজ্ঞতা প্রদান করবে।"

105,000- স্কয়ার ফুট এবং মেঝে থেকে ছাদ জোড়া ফ্লাশিং বে (Flushing Bay) এবং সিটি ফিল্ডের (Citi Field) দৃশ্য থাকা নতুন কনকোর্সের ফিতা কাটার উদ্দেশ্যে গভর্নরের সাথে ডেল্টার প্রধান নির্বাহী কর্মকর্তা এড বাস্টিয়ান, কুইন্স বরোর প্রেসিডেন্ট মালিন্দা কাটয এবং নিউ ইয়র্কে ও নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ প্রতিনিধি যোগদান করেন।

লাগোয়েরডিয়ার পূর্ব অর্ধে ডেল্টার প্রথম নতুন কনকোর্সটি বছরে 30 মিলিয়ন যাত্রী পরিবহন করা পুরো বিমানবন্দরটিকে পুনরায় নির্মাণ কাজ চলার সময় পুরোপুরি চালু রাখতে সক্ষম রাখার উদ্দেশ্যে নির্মিত জটিল, বহু-স্তরের নির্মাণ পরিকল্পনায় আরও একটি ধাপ এগিয়ে যাওয়াকে চিহ্নিত করে। এই পরিকল্পনা অনুযায়ী, নতুন ভবন তৈরি হওয়ার পরেই পুরোনো ভবন ভেঙে ফেলা হবে, যার ফলে এটি নিশ্চিত হবে যে বিমানবন্দরের কর্মকান্ডে ব্যাঘাত ঘটবে না। এমনকি নির্মাণের সময়েও, লাগোয়েরডিয়া যাত্রীর পরিমাণের নতুন রেকর্ড স্থাপন করে চলেছে। এই বিমানবন্দরের রেকর্ডে থাকা 12টি ব্যস্ততম দিনের মধ্যে আটটি ঘটেছে গত গ্রীষ্মে, এবং 2019 সাল 31 মিলিয়ন যাত্রী নিয়ে কাজ করার জন্য প্রস্তুত।

গত সপ্তাহে, পোর্ট অথরিটির বোর্ড অফ কমিশনার্স আনুষ্ঠানিকভাবে এয়ারট্রেন LGA তৈরি করার জন্য প্রয়োজনীয় তহবিল অনুমোদন করেছে, যা নিউ ইয়র্ক সিটি থেকে এবং নিউ ইয়র্ক শহর পর্যন্ত বর্ধিত লং আইল্যান্ড রেলপথ সেবার সাথে যুক্ত উইলেটস পয়েন্টে নতুন স্টেশনের সাথে সংযোগ স্থাপন করবে, যা ভ্রমণের নির্ভরযোগ্য এবং জ্ঞাত সময় প্রদান করে এবং স্থানীয় সম্প্রদায়ের উপর ট্রাফিক এবং পার্কিং বোঝার উপশম করে। মে মাসে, ফেডারেল বিমানচালনা প্রশাসন (Federal Aviation Administration, FAA) প্রস্তাবিত এয়ারট্রেন LGA-র জন্য আনুষ্ঠানিক পরিবেশগত পর্যালোচনা শুরু করেছে এবং প্রকল্পের অনুমোদন বিমানচালনা প্রশাসনের চলমান ফেডারাল পরিবেশগত পর্যালোচনার অধীনে রয়েছে।

গত ডিসেম্বরে বিমানবন্দরের পশ্চিম দিকের টার্মিনাল B-তে নতুন লাগোয়েরারডিয়ার প্রথম নতুন কনকোর্স ও গেট উদ্বোধন করেন গভর্নর কুউমো। আগামী 4 নভেম্বরে সাতটি নতুন প্রবেশপথ

উদ্বোধনের ঘোষণা সাথে, ভবিষ্যতের "সম্পূর্ণ নতুন LGA"-এর প্রবেশপথ দিয়ে মোটামুটি এক-তৃতীয়াংশ যাত্রী যাতায়াত করবে।

নিউ ইয়র্কের গ্রাহক অভিজ্ঞতার আরও উন্নতিতে ফার্নিশিং রিনিউয়ালের ডেল্টার প্রতিশ্রুতি আরো শক্তিশালী করে, বিস্তীর্ণ 105,000 বর্গফুটের, অত্যাধুনিক কনকোর্সটিতে H&H বেগেল, রসি পিজ্জারিয়া (লুকালির শেফ মার্ক আইকোনোর কাছ থেকে), ফ্ল্যাটিরন ট্যাভার্ন ও প্রভিশনস (Flatiron Tavern & Provisions) (শেফস জেস শ্যাবোল্ট এবং ক্লেয়ার ডি বোয়ার অফ কিং-এর কাছ থেকে), বার্চ কফি এবং জুস প্রেস সহ স্থানীয়ভাবে সমাদৃতদের দ্বারা অনুপ্রাণিত আধুনিক সুযোগ-সুবিধার এবং ডাইনিং প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য থাকবে যার সবই আতিথেয়তা গ্রুপ OTG কর্তৃক আয়োজিত। নতুন প্রবেশপথের স্থানগুলো আরও বেশি বসার জায়গার ব্যবস্থা করে, টেকসই টেকনোলজি শক্তি সরবরাহকারী ডিভাইস চার্জ করার জন্য পর্যাপ্ত আউটলেট দেয় এবং যাত্রীদের বিশ্রাম এবং পুনরায় একত্রিত হবার জন্য বিশ্রামের জায়গা দেয়।

কাজটি সম্পন্ন হলে, এই টার্মিনালের চারটি কনকোর্স জুড়ে 37টি প্রবেশপথ থাকবে যার সাথে সংযুক্ত থাকবে কেন্দ্রিয় এবং স্টিলমাইন করা চেক-ইন লবি, নিরাপত্তা চেকপয়েন্ট এবং ব্যাগেজ ক্লেইম, দুই লেনের ট্যাক্সি পথ যা প্রবেশপথের ভিড় এবং ট্যাক্সি সময় কমাবে, স্কাই ডেক সহ একটি বড় নতুন ডেল্টা স্কাই ক্লাব থাকবে, প্রশস্ত প্রবেশপথ ও আরও ছেড়ে দেয়া স্থান; এবং আরও অধিক কার্যকর বিমানবন্দর রাস্তা।

নতুন কনকোর্সে, ডেল্টা গ্রাহক নির্দেশিকা প্রদানের জন্য ডিজিটাল ওয়েফাইন্ডিং চিহ্নগুলোকে একত্রিত করেছে এবং শ্রবণ জটিলতায় যারা ভুগছে তাদের জন্য প্রতিটি হোল্ড রুমে হিয়ারিং লুপ প্রযুক্তি যুক্ত করেছে। নতুন কনকোর্সে পাইলট নতুন আপগ্রেড দেখতে পারেন যেমন একটি ভিজ্যুয়াল ডকিং গাইডেন্স সিস্টেম যা এয়াক্রাফট পার্কিং-এ সাহায্য করে এবং প্লেন থেকে নামা ও ওঠা অধিকতর নিরাপদ করার উদ্দেশ্যে যাত্রী বোর্ডিং ব্রিজকে স্বয়ংক্রিয়ভাবে এয়ারক্রাফটের কাছাকাছি নিয়ে আসে।

নতুন স্থাপনাটি একটি 12-মেগাওয়াট কন এডিসন সাবস্টেশন কর্তৃক পরিচালিত, যেটিকে কুলার টাওয়ার, চিলার, পাম্প এবং টার্মিনালটিকে পরিষেবা দিতে অন্যান্য সরঞ্জাম সহ কনকোর্সের উপরের স্তরে কাঠামোবদ্ধ করা হয়েছে। এছাড়া, সকল প্রকার বৈদ্যুতিক ও যান্ত্রিক সরঞ্জাম উপরের অংশে স্থাপন করা হবে যাতে বড় ধরনের ঝড়ের কারণে পানি/বন্যায় এগুলো নষ্ট হতে না পারে। কনকোর্সে একটি বরফ-উৎপাদন ব্যবস্থাও রয়েছে যা গ্রীষ্মে উষ্ণ চাহিদার সময়ে, রাতে যখন শক্তির চাহিদা কম থাকে তখন বৈদ্যুতিক খরচ কম করে বরফ তৈরি করে, এবং দিনের বেলা ভবনটিকে শীতল করতে তা ব্যবহার করে।

ডেল্টা তার LGA হাব থেকে 275টিরও বেশি পিক-ডে ডিপারচার পরিচালনা করে এবং গত এক দশকে নিউইয়র্ক বিমানবন্দরগুলোতে বিমান সংস্থাগুলোর বিস্তৃত বিনিয়োগের উপর ভিত্তি করে আগস্ট 2017 সালে, টার্মিনাল C এবং D এর প্রতিস্থাপনের জন্য 4 বিলিয়ন ডলারের কাজ শুরু করে।

গভর্নর কুউমো 2015 সালে একটি সমন্বিত বিমানবন্দর এবং একবিংশ শতাব্দীর গ্রাহক অভিজ্ঞতা তৈরি করার উদ্দেশ্যে লাগোয়েরডিয়া বিমানবন্দরটির বিস্তৃত পুনঃ উন্নয়নের জন্য প্রথম পরিকল্পনা প্রকাশ করেছিলেন। জুন 2016 সালে, 8 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের নির্মাণকাজ শুরু হয়, যার প্রায় দুই-তৃতীয়াংশ বেসরকারী অর্থায়ন এবং বিদ্যমান যাত্রীদের ফি-এর মাধ্যমে অর্থায়ন করা হয়েছে।

বিমানবন্দরের পশ্চিম দিকে বেসরকারি কনসোর্টিয়াম লাগোয়েরডিয়া গেটওয়ে পার্টনার্স (LaGuardia Gateway Partners, LGP) কর্তৃক নির্মিত ও পরিচালিত নতুন 4 বিলিয়ন মার্কিন ডলারের টার্মিনাল B, 50 বছরেরও বেশি সময় আগে খোলা বাতিল টার্মিনালকে প্রতিস্থাপন করছে। বিমানবন্দরের পূর্ব পার্শ্বে, ডেল্টা এয়ার লাইনস-এর 4 বিলিয়ন মার্কিন ডলারের টার্মিনাল C-তে নতুন কনকোর্স জুড়ে চূড়ান্তভাবে সর্বমোট 37টি প্রবেশপথ থাকবে। পুনর্নির্মাণ প্রকল্পের অংশ হিসাবে, প্রতিটি নতুন টার্মিনাল বৈদ্যুতিক ফ্লিটের চার্জিং স্থানের জন্য বৈদ্যুতিক গ্রাউন্ড পরিষেবা সরঞ্জাম সুবিধা দিয়ে সজ্জিত করা হবে।

LGP এবং ডেল্টা মোটামুটিভাবে পুনর্নির্মাণের বেসরকারি খরচের দুই- তৃতীয়াংশ দিচ্ছে এবং পোর্ট অথরিটি বাকি এক-তৃতীয়াংশ দেবে বলে প্রতিশ্রুতি দিয়েছে - এর বেশির ভাগই বর্তমান গোলকধাঁধার মত বিমানবন্দর রাস্তার নেটওয়ার্ককে সংস্কার এবং সরল করার জন্য।

নতুন টার্মিনাল ভবনটি বিদ্যমান টার্মিনাল থেকে গ্র্যান্ড সেন্ট্রাল পার্কওয়ের নিকটবর্তী হবে, যাতে এয়ারফিল্ড এর আকার বৃদ্ধি পায় এবং গেট এ জট কমানোর জন্য দ্বৈত ট্যাক্সিওয়ে রাখা যায়, একইসাথে আধুনিক আকাশযানকে আরো দক্ষতার সাথে জায়গা দেওয়ার জন্য বড় গেট এলাকা বানানো যায়। কার্ব থেকে গেট পর্যন্ত প্রযুক্তির বর্তমান এবং আধুনিকতম নিরাপত্তা ব্যবস্থা রাখা হবে।

অগ্রগতি ত্বরান্বিত হওয়ায় পথে গত 20 মাস প্রকল্পের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। 2018 সালের ফেব্রুয়ারি মাসে, 3,200টি স্থান সহ টার্মিনাল B এর পার্কিং গ্যারেজ উদ্বোধন করা হয়, যার মধ্যে 2,400টিরও বেশি ব্যক্তিগত যানবাহনের জন্য এবং একটা নিবেদিত তলা থাকবে উবার, লিফট এবং অন্যান্য ভাড়া পরিষেবা দেয়া গাড়ির জন্য। 2018 সালের ডিসেম্বর মাসে গভর্নর কুউমো 18টি নতুন গেটের মধ্যে প্রথমটি খোলেন এবং বিমানবন্দরের পশ্চিম দিকে টার্মিনাল B-তে প্রথম নতুন কনকোর্সটি খোলেন, যা আমেরিকান এয়ারলাইন্স (American Airlines), ইউনাইটেড সাউথওয়েস্ট (United Southwest) এবং এয়ার কানাডাকে (Air Canada) পরিষেবা প্রদান করে।

সর্বোপরি, লাগার্ডিয়ার পুনর্গঠন মোট 10 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের অর্থনৈতিক কর্মকাণ্ড এবং প্রকল্পের পুরো সময় জুড়ে 2.5 বিলিয়ন মার্কিন ডলার বেতন তৈরি করবে বলে আশা করা হচ্ছে। প্রত্যয়িত সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসার (minority and women-owned businesses, MWBE) সঙ্গে লাগোয়েরডিয়া বিমানবন্দরের চুক্তি এখন 1.3 বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে গেছে। টার্মিনাল B-তে, আজ পর্যন্ত লাগার্ডিয়া গেটওয়ে পার্টনাদের (LaGuardia Gateway Partners) 279 MWBE সংস্থার সাথে প্রতিশ্রুতিবদ্ধভাবে 853 মিলিয়ন ডলারেরও বেশি চুক্তি রয়েছে, এবং

টার্মিনাল C-তে ডেল্টার 154 MWBE সংস্থাগুলির সাথে 510 মিলিয়ন ডলারের চুক্তি রয়েছে এবং সব মিলিয়ে 1.36 বিলিয়ন ডলারেরও বেশি প্রদান করা হয়েছে।

ডেল্টা লাউলারিয়ার সবচেয়ে বড় নিয়োগকর্তা এবং 1,৪00-এর বেশি কুইন্স বাসিন্দারাদের LGA এবং JFK সুবিধা প্রদান করে নিয়োগ দেয়। নতুন টার্মিনাল C-এ ডেল্টার পার্টনার, আতিথেয়তা গ্রুপ OTG নতুন সংস্থায় ছাড়ের জন্য ইতিমধ্যে 120 জন নতুন কর্মী নিযুক্ত করেছে, এবং এদের ৪0% কুইন্স থেকে এসেছে।

বিমানবন্দরের নতুন টার্মিনাল B-এর জনসমাগম উপলক্ষে প্রায় 400টি নতুন কর্মনিয়োগের উপর ভিত্তি করে কর্মী নিয়োগ করা হবে এবং এই নিয়োগগুলির 55 শতাংশ বরাদ্দ থাকবে কুইন্সের বাসিন্দাদের জন্য। এছাড়া, স্থানীয় তরুণদের জন্য ইন্টার্নশিপ প্রোগ্রাম তৈরি করতে ও বৃত্তির অর্থায়ন করতে লাগার্ডিয়া রিডেভেলপমেন্ট প্রোগ্রাম (LaGuardia Redevelopment program) ভন কলেজ (Vaughn College) এবং লাগার্ডিয়া কমিউনিটি কলেজের (LaGuardia Community College) সাথে যৌথভাবে কাজ করেছে। এই গ্রীষ্মে, LGA রিডেভেলপমেন্ট করোনার ল্যাংস্টন হিউজ লাইব্রেরিতে 50 জন মিডল স্কুল শিক্ষার্থীদের জন্য 6-সপ্তাহের একটি STEM এডুকেশন প্রোগ্রামে অর্থায়ন করেছে।

গভর্নর কুউমো এবং বন্দর কর্তৃপক্ষ স্থানীয় স্টেকহোল্ডার ও কুইন্স বাসিন্দাদের সাথে লাগার্ডিয়া বিমানবন্দরের রিডেভেলপমেন্ট এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির অংশ হিসাবে স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান, MWBE এবং চাকুরিপ্রার্থীদের জন্য নতুন সুযোগের সুবিধা নিশ্চিত করতে একসাথে কাজ করছেন। এপ্রিল মাসে গভর্নর কুওমো, নতুন কাউন্সিল ফর এয়ারপোর্ট অপর্চুনিটি দপ্তরের (Council for Airport Opportunity) উদ্বোধনের কথা ঘোষণা করেন। অলাভজনক সংস্থাটি কুইনসের সংখ্যালঘু এবং সুবিধাবঞ্চিত বাসিন্দাদের জন্য এয়ারপোর্ট সংশ্লিষ্ট কর্মসংস্থান এবং কর্মনিয়োগের পরিষেবা প্রদান করে থাকে। এই কাজে সাহায্য করার জন্য ইস্ট এমহার্স্টে একটি স্থায়ী লাগার্ডিয়া রিডেভেলপমেন্ট কমিউনিটি অফিসের ব্যাপারে একটি লিজ স্বাক্ষরিত হয়েছে।

নিউ ইয়র্কের পোর্ট অথরিটি ও নিউ জার্সির নির্বাহী কর্মকর্তা রিক কটন বলেন, "নতুন ডেল্টা কনকোর্স এবং গেটস-এর উদ্বোধন সম্পূর্ণ নতুন লাগাউয়ারিয়া বিমানবন্দরের পুনর্বিকাশের জন্য ৪ বিলিয়ন ডলারের আরেকটি মূল মাইলফলক। লাগাউয়ারিয়া বিমানবন্দরের রূপান্তর যাত্রীদের অভিজ্ঞতাকে উন্নত করা এবং ভ্রমণার্থীদের বিশ্বমানের সুবিধাসমূহ প্রদান করার জন্য কর্তৃপক্ষের চলমান প্রতিশ্রুতির অংশ।"

কর্পোরেশন, কর্তৃপক্ষ এবং কমিশন সংক্রান্ত সিনেট স্ট্যান্ডিং কমিটির চেয়ার সিনেটর লেরয় কমরি বলেছেন, "কর্পোরেশন, কর্তৃপক্ষ এবং কমিশন সংক্রান্ত সিনেট স্ট্যান্ডিং কমিটির চেয়ার হিসেবে, মৌলিকভাবে আমাদের প্রয়োজনীয় পরিবহণ অবকাঠামোকে পুনরুজ্জীবিত করার অনির্বাহী প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর কুউমো এবং পোর্ট অথরিটি নেতৃত্বেকে সাধুবাদ জানাই। কুইন্স--"ওয়ার্ল্ড'স বারো (World's Borough)"-- বিমানবন্দর এবং পুরোপুরি বিস্তৃত এক্সপ্রেস বাস, একটি সিট রাইড এবং অ্যাক্সেসযোগ্য পাতাল রেল স্টেশনে বিশ্বমানের সুবিধা প্রদান করে। আমি আন্তরিকভাবে চাই যে এই প্রকল্পটি অব্যাহতভাবে এগিয়ে যাক এবং সবসময় এর অব্যাহত, চিন্তাশীল এবং সম্প্রদায়ভিত্তিক

উন্নতির প্রত্যাশা করছি যা লাগার্ডিয়া বিমানবন্দরকে আধুনিকীকরণ ও পুনরুজ্জীবিত করার সাথে সাথে সমস্ত নিউ ইয়র্কবাসীদের উপকৃত করবে।"

কর্পোরেশন, কর্তৃপক্ষ ও কমিশন সংক্রান্ত পরিষদ কমিটির (Assembly Committee on Corporations, Authorities and Commissions) চেয়ারপরিষদ সদস্য এমি আর. পাউলিন বলেন, "টার্মিনাল B-তে কনকোর্স ও গেটসের সম্পূর্ণ রিডিমিং এবং টার্মিনাল C-তে এই মাসে নতুন অত্যাধুনিক কনকোর্স খোলার মধ্যে দিয়ে ভবিষ্যতের লাগাউয়ারিয়া বিমানবন্দর আমাদের চোখের সামনে ভাসছে। সারাদেশ ও বিশ্বের বিভিন্ন প্রান্তের নিউ ইয়র্কবাসী ও দর্শনার্থীদের সুবিধার জন্য বিশ্বমানের পরিকাঠামো প্রকল্প পৌছে দিতে গভর্নর আমাদের রাজ্য সরকার কর্তৃপক্ষকে চ্যালেঞ্জ জানিয়েছেন। সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ফলে এই নতুন লাগাউলারিয়া গড়ে তোলার বিষয়টি আবারো চ্যালেঞ্জের মুখে পড়েছে।"

কুইন্স বরো প্রেসিডেন্ট মেলিন্ডা ক্যাটজ বলেন, "টার্মিনাল C-তে ডেল্টার নতুন কনকোর্স এবং গেটস-এর উদ্বোধন অত্যাধুনিক, একুশ শতকের সাথে মানানসই একটি বিমানবন্দর তৈরিতে আমাদের প্রচেষ্টার একটি অসাধারণ পদক্ষেপ যা বরোর প্রাপ্য। একটি সম্পূর্ণ নতুন লাগাউয়ারিয়া তৈরি করার অর্থ হচ্ছে শুধুমাত্র আমাদের অবকাঠামোর জন্য নয়, আমাদের পরিবার এবং আমাদের সম্প্রদায়ের মধ্যে বিনিয়োগ করা, এবং কুইন্সরা রোমাঞ্চিত যে নতুন কনকোর্সের কাজের জন্য নিয়োগকৃত কর্মীদের ৪০ শতাংশ বরো বাসিন্দা।"

ডেল্টার প্রধান নির্বাহী কর্মকর্তা এড বাস্তিয়ান বলেন, "দুই বছর আগে, আমরা লাগুয়ারিয়া বিমানবন্দরে অত্যাধুনিক সুবিধা প্রদানের পরিকল্পনা করি, এমন একটি বিমানবন্দর যা আমাদের গ্রাহক এবং নিউ ইয়র্কের জনগণের প্রাপ্য। ডেল্টা টিম এবং আমাদের অনেক অংশীদারদের অঙ্গীকার এবং কঠোর পরিশ্রমের জন্য ধন্যবাদ, আজ লাগুয়ারিয়া এ কয়েক লক্ষ ডেল্টা গ্রাহকদের জন্য একটি নতুন যুগের সূচনা হচ্ছে। এখানে যে উত্তেজনা তৈরি হচ্ছে তা স্পষ্ট ও ছোঁয়াচে, এবং আমরা এরই মধ্যে আরো অনেক মাইলস্টোনের দিকে তাকিয়ে আছি।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন